



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০২-৯৯৭৭১০৪৪০, ০২-৯৯৭৭১০৪৪২, E-mail : chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০৯/২০/০৪

তারিখ : ০৫/০২/২০২৫খ্রি.

বিষয় : ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অন্যান্য সরঞ্জামাদি কেন্দ্রে সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা পরিচালনার জন্য কেন্দ্রের অনুকূলে বরাদ্দকৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও MCQ এর OMR সহ অন্যান্য আনুষঙ্গিক সরঞ্জামাদি নিম্নের ছকে লিখিত তারিখ অনুযায়ী বিতরণ করা হবে। নির্ধারিত তারিখে খাগডহরস্থ বোর্ডের ২নং ভবন ও বোম্বে রাইসমিল গোড়াউন হতে সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টার মধ্যে উল্লিখিত সরঞ্জামাদি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


তারিখ	বার	জেলা ও উপজেলার নাম
০৯/০২/২০২৫	রবিবার	শেরপুর
১০/০২/২০২৫	সোমবার	নেত্রকোণা
১১/০২/২০২৫	মঙ্গলবার	জামালপুর
১৩/০২/২০২৫	বৃহস্পতিবার	গৌরিপুর, নান্দাইল, ধোবাউড়া, হালুয়াঘাট, ফুলপুর, তারাকান্দা, ঈশ্বরগঞ্জ
১৬/০২/২০২৫	রবিবার	ময়মনসিংহ সদর, ফুলবাড়ীয়া, মুক্তাগাছা, ভালুকা, ত্রিশাল, গফরগাঁও

উল্লিখিত তারিখে সরঞ্জামাদি কেন্দ্র সচিব নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত একজন শিক্ষক (যিনি পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট) এর মাধ্যমে গ্রহণ করতে হবে। কোনো অবস্থাতেই শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবে না। প্রধান শিক্ষক/ অধ্যক্ষ অথবা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/ ভারপ্রাপ্ত অধ্যক্ষ এর ক্ষেত্রে আবেদনপত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (জেলা পর্যায়ে জেলা প্রশাসক ও উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা) প্রতিস্বাক্ষর থাকতে হবে এবং প্রাধিকারপ্রাপ্ত শিক্ষক এর ক্ষেত্রে প্রাধিকারপত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (জেলা পর্যায়ে জেলা প্রশাসক ও উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা) প্রতিস্বাক্ষর থাকতে হবে।

উল্লেখ্য যে, মালামাল গ্রহণের আবেদনের সাথে কেন্দ্র নবায়ন ফি ২০০০/- (দুই হাজার টাকা) জমা দেওয়ার সোনালী সেবার রসিদ এবং নতুন কেন্দ্রের ক্ষেত্রে অত্র বোর্ড প্রদত্ত কেন্দ্র অনুমোদনপত্র দাখিল করতে হবে। পরীক্ষা শেষে উদ্বৃত্ত অলিখিত উত্তরপত্র ও অব্যবহৃত প্রশ্নপত্রসহ সকল মালামাল বোর্ড নির্ধারিত তারিখে পরীক্ষা শাখায় জমা দিতে হবে। উদ্বৃত্ত মালামাল জমাদানের তারিখ ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে যথাসময়ে জানানো হবে।

বিশেষ দৃষ্টব্য: মালামাল বহনকারী যানবাহনের পাটাতনের জন্য মোটা পলিথিন ও উপরে বৃষ্টি/ কুয়াশা নিরোধক ত্রিপল অবশ্যই সাথে আনতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


(প্রফেসর সৈয়দ আজিজুর রহমান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

ফোন : ০২-৯৯৭৭১০৪৪২

E-mail : conbisemym@gmail.com

প্রাপকঃ

কেন্দ্র সচিব/ প্রধান শিক্ষক/ অধ্যক্ষ

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন

মাধ্যমিক পর্যায়ের সকল পরীক্ষা কেন্দ্র।

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা;
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড;
- ৪। অফিস কপি।